

মুখ্তাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরণ

রচয়িতা/সকলকঃ ইমাম ইবনুল কাইয়িম (রহঃ)

ফোঁড়া ও ক্ষতের চিকিৎসা

সহীহ বুখারী ও সহীহ মুসলিমে বর্ণিত হয়েছে, নাবী (ﷺ) বলেছেন- যখন কোন মানুষ অসুস্থ হবে অথবা ফোঁড়া বা জখম কিংবা অন্য কোন রোগে আক্রান্ত হবে তখন সে যেন মাটিতে শাহাদাত আঙুল রেখে এই দু'আ পাঠ করে-

بِسْمِ اللَّهِ تُرْبَةُ أَرْضِنَا بِرِيقَةٍ بَعْضِنَا يُشْفَى سَقِيمُنَا بِإِذْنِ رَبِّنَا

“আল্লাহর নামে আমাদের এই মাটিতে আমাদের কারও লালা মিলিত হচ্ছে। আমাদের প্রভুর ইচ্ছায় আমাদের রোগী ভাল হবে” [1]

এখানে কোন মাটি উদ্দেশ্য, তা নিয়ে আলেমদের মধ্যে দু'টি মত পাওয়া যায়। কেউ বলেছেন এখানে মধ্বীনার মাটি উদ্দেশ্য। আবার কেউ বলেছেন- পৃথিবীর যে কোন স্থানের মাটি উদ্দেশ্য।

ইমাম ইবনুল কাইয়িম (রহঃ) এই হাদীছের ব্যাখ্যায় বলেন- ঝাড়-ফুঁককারী তার নিজের থুথু নিয়ে বৃদ্ধাঙ্গুলিতে রাখবে। অতঃপর বৃদ্ধাঙ্গুলি মাটিতে রাখবে। সামান্য মাটি আঙুলে লাগিয়ে তা দিয়ে ক্ষতস্থানে মাসাহ করবে।

ফুটনোট

[1]. বুখারী, কিতাবুত তিবব, তাও. হা/৫৭৪৫, মুসলিম।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=3972>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন